



অধ্যক্ষের কার্যালয়



চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩

ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং

তারিখ: ১৪/০৫/২০২২

বিজ্ঞপ্তি নং- ৯৬

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, কোটার মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

মাস্টার্স ১ম পর্ব নিয়মিত কোর্সে ভর্তির বিষয়সমূহ	বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।
ভর্তির তারিখ	১১/০৫/২০২২ তারিখ থেকে ১৮/০৫/২০২২ তারিখ পর্যন্ত।
ভর্তি ফি	এম.এ/এম.এস.এস/এম.বি.এ ১ম পর্ব- ৩৮৬৭/-
১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের কবণীয়	১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে, তারা আগামী ১০/০৫/২০২২ তারিখ হতে ১৮/০৫/২০২২ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে পরিবর্তিত বিষয়ের চূড়ান্ত ভর্তি ফরম পূরণ পূর্বক ডাউনলোড করে প্রিন্ট কপি নিতে হবে এবং কলেজ অফিস হতে রোল নং সংগ্রহ করে পরিবর্তিত বিভাগে ভর্তি ফরম জমা দিতে হবে।
কোটার মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য ১০/০৫/২০২২ তারিখ হতে ১৮/০৫/২০২২ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে।
ভর্তির ফি প্রদানের নিয়মাবলি	কোটার মেধা তালিকায় ভর্তির জন্য শিক্ষার্থীগণ (www.eshiksabd.com/cge) লিংকে গিয়ে User ID- cgstudent এবং Password- cgstudent দিয়ে admission বাটনে ক্লিক করে Click New Admission অপশনে গিয়ে গ্রুপ (মাস্টার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল দিয়ে Check For Admission এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক Submit করে প্রিন্ট নিতে হবে। Submit করার পর বিকাশ বা নগদ অ্যাপস এর মাধ্যমে Pay bill Option- এ চাঁদপুর সরকারি কলেজ Select করে Student ID স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে ১০/০৫/২০২২ তারিখ হতে ১৮/০৫/২০২২ তারিখ বিকাল ৫:০০টার মধ্যে পেমেন্ট সম্পন্ন করতে হবে। পেমেন্ট সম্পন্নের পর শিক্ষার্থীর মোবাইলে ক্লাস রোল নম্বরের ১৩ ডিজিটের একটি এস.এম.এস যাবে। যা ভর্তি ফরমের উপরে ক্লাস রোল নম্বর এর জায়গায় লিখে সংশ্লিষ্ট বিভাগে ভর্তি ফরম জমা দিতে হবে।

নিয়মাবলি :

১। কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিইচ্ছুক কোনো শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তির পূর্বেই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর ফি জমাদানের রশিদ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও eshiksabd হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, ডিগ্রী (পাস) কোর্সের নম্বরপত্রের ফটোকপি, সংশ্লিষ্ট কোটায় নির্বাচিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও দুই কপি ছবিসহ ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়নি বলে গণ্য করা হবে। উল্লেখ্য যে, বিভাগে ভর্তি ফরম জমা দেওয়ার সময় সেমিনার ও শিক্ষা সফর ফি বাবদ- এককালীন এম.এ/এম.এস.এস/এম.বি.এ ১ম পর্ব- (৪০০+১০০)= ৫০০/- টাকা বিভাগে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
- ২। বিভাগীয় প্রধান, বিভাগ।
- ৪। কলেজ ওয়েব সাইট www.chandpurcollege.edu.bd
- ৫। অফিস নথি।